

বরুড়া কলেজে শিক্ষক ও জনবলী সংকট, শিক্ষা কার্যক্রম ব্যাহত

প্রতিনিধি, বরুড়া (সুশিলা)

বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজে ২৯ জন শিক্ষকের মধ্যে অধ্যক্ষসহ ১১ জন শিক্ষকের পদই শূন্য। ফলে উচ্চ মাধ্যমিক ও তিহরি পর্যায়ের প্রায় দেড় হাজার শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। কলেজগুলোে জানা গেছে, চাকরিতে বদলিজনিত কারণে কলেজে ২৯টি শিক্ষক পদের মধ্যে ১১টি পদ শূন্য রয়েছে। বর্তমানে ১ জন অধ্যক্ষ, ৪ জন সহকারী, অধ্যাপক ও ৬ জন প্রভাষকের পদ ঝালি। এর মধ্যে সমাজকর্ম বিভাগের ৩টি পদের মধ্যে ২টিই শূন্য। গত ৩ বছর ধরে একজন দিয়েই চলছে এই বিষয়ের পাঠদান। ব্যবস্থাপনা বিভাগের ৩টি পদের মধ্যে প্রভাষকের ২টি পদ শূন্য। হিসাব বিভাগ বিভাগের ৩টি পদের মধ্যে প্রভাষকের ১টি পদ ৪ বছর ধরে শূন্য। এছাড়া রসায়ন বিভাগ বিভাগের একজন সহকারী অধ্যাপক, গণিত বিভাগে একজন সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগে একজন প্রভাষক, রসায়ন বিভাগে একজন সহকারী অধ্যাপক ও বাংলায় একজন প্রভাষকের পদ শূন্য রয়েছে।

কলেজে ৬ কবি বিভাগ - বিষয়ে অনুমোদন আছে, শিক্ষার্থীও আছে। গত ৪০ বছরে এই বিভাগে শিক্ষকের পদ সৃষ্টি হয়নি। এছাড়া সৃষ্টি হয়নি উপাধ্যক্ষ, প্রশাসনিক, বিজ্ঞানে ৩টি প্রধান পদ। গত ৭ বছর ধরে প্রধান সহকারী পদটিও ঝালি রয়েছে।

উল্লেখ্য, বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজটি ১৯৭২ সালের ১ জুলাই ৬ একর ৪১ শতক জায়গা নিয়ে প্রতিষ্ঠিত হয়। ১৯৮৫ সালের ১ জুলাই কলেজটি জাতীয়করণ করা হয়। শিক্ষার্থীদের মধ্যে তানজিদ শফি (অস্তর), মো. তামরুজ্জামান, সাঈদ মোহাম্মদ খানসহ অনেক জ্ঞানায়, শিক্ষক সংকটের কারণে যথাযথ পাঠদান ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও শ্রাবণবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মহিউদ্দিন শাহজাহান চুইয়া জানান, শিক্ষক সংকট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।